

শিক্ষার মানোন্নয়নে বিশ্বব্যাংকের ৫১ কোটি ডলার সহায়তা

স্টাফ রিপোর্টার ৷ হাইস্কুল ও কলেজ পর্যায়ে শিক্ষার গুণগত মানোন্নয়নে বাংলাদেশকে ৫১ কোটি ডলার আর্থিক সহায়তা দিচ্ছে বিশ্বব্যাংক। এর ফলে ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত ১ কোটি ৩০ লাখ শিক্ষার্থী লাভবান হবে বলে আশা করছে সংস্থাটি। মঙ্গলবার যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনে বিশ্বব্যাংকের বোর্ড সভা এ ঋণ অনুমোদন দেয় বলে সংস্থাটির প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। বর্তমান বিনিময় হার অনুযায়ী এ সহায়তার পরিমাণ প্রায় ৪ হাজার ৮০ কোটি টাকা। 'ট্রান্সফরমিং সেকেন্ডারি এডুকেশন ফর রেজাল্ট' শীর্ষক কর্মসূচীর আওতায় এই অর্থ খরচ করা হবে। এর মাধ্যমে শিক্ষা পদ্ধতির মানোন্নয়ন, বাংলা, গণিত, ইংরেজি এবং বিজ্ঞানের বিষয়গুলোতে শিক্ষার্থীদের দক্ষতা বাড়ানো এবং শিক্ষার্থীদের ঝরে পড়া রোধে ব্যবস্থা নেয়া হবে। এছাড়া কর্মসূচীর আওতায় মেয়ে শিশু ও দরিদ্র জনগোষ্ঠীর শিক্ষার বিষয়ে বিশেষভাবে গুরুত্ব দেয়া হবে। কর্মসূচীর অন্যান্য কার্যক্রমের মধ্যে রয়েছে শিক্ষকদের প্রশিক্ষণ, পাঠ্যসূচি আধুনিকীকরণ, শিক্ষা ব্যবস্থাপনা, পরীক্ষা পদ্ধতির সংশোধন, শিক্ষকদের জবাবদিহিতা নিশ্চিত করা ইত্যাদি। কর্মসূচীর কো-টিম লিডার সৌরভ দেব ভাট জানান, গ্রামের স্কুলগুলোতে এমনিতেই দক্ষ শিক্ষকের অভাব রয়েছে।